হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
সভার তারিখ ঃ ৩০ মে ২০২২ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১৯.০৪.২০২২ খ্রি: তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) অনুমোদিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নাধীন আছে। কাজের অগ্রগতি ৫০%। অবশিষ্ট কাজ জুন মাসের মধ্যে সম্পন্ন হবে।	(ক) বিধি মোতাবেক প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, লোকড়া, রাজিউড়া ও নিজামপুর ইউনিয়নের ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার ও মেরামত বাবদ ১০ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া যায় । এব্যাপারে ১০.০৫.২০২২ তারিখে টেন্ডার আহবান করা হয়েছে।	(খ) যথাযথভাবে কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান,হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বর্তমানে বোরো মৌসুমে ধান কাটা চলছে। প্রায় ৯৬% ভাগ ধান কাটা হয়েছে। অবশিষ্ট ধান কাটা চলমান রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, আগামী ১৯ জুন এসএসসি পরীক্ষা শুরু হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, ৮২টি শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াইফাই সংযোগ স্থাপন করা হয়েছে। এতে শিক্ষক শিক্ষার্থীগণ বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণে সক্ষম হবে। তিনি বলেন, আগামী ৬ জুন উপজেলা পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা বহুলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও সসহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ইউনিক আইডি প্রস্তুতের কার্যক্রম চলছে। এ কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদ প্রয়োজন। তাই দ্রুত জন্ম নিবন্ধন সনদ প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	ইউনিক আইডি প্রস্তুতের নিমিত্ত ছাত্র-ছাত্রীদের জন্য নিবন্ধন সনদ দ্রুত প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	জনাব মো: সজীব মিয়া,উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,	যে সকল কাজ এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল স্থান	উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য

		হবিগঞ্জ সদর বলেন, সর্বমোট ৩০৪টি নলকূপের মধ্যে ২৭৫টি নলকূপ স্থাপন ও প্লাটফর্মের কাজ সম্পন্ন করা হয়েছে । বাকীগুলো ঈদের পূর্বে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, তার অধিদপ্তরের মাধ্যমে হাওড় উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ,স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের' আওতায় ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ে হবিগঞ্জ সদর উপজেলার হাওড় অন্তর্ভুক্ত পৈল, তেঘরিয়া ও লোকড়া ইউনিয়নে ৬টি করে মোট ১৮টি গভীর নলকূপ,প্রতি ইউনিয়নে ২টি করে মোট ৬টি ইম্প্রুভড ল্যাট্রিন এবং ১টি করে মোট ৩টি টুইনপিট অফসেট ল্যাট্রিন বরাদ্দ পাওয়া যায়।	পরিদর্শন করতঃ দ্রুত কাজ সম্পন্ন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৭	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধিদের অপেক্ষমান তালিকা বিভিন্ন ইউপি হতে আংশিক পাওয়া গিয়েছে। পূর্ণাঙ্গ তালিকা না পেলে বরাদ্দকৃত অর্থ ফেরৎ যেতে পারে। তালিকা মোতাবেক এমআইএস এন্ট্রি করতে হবে। তাই আগামী ৩ দিনের মধ্যে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	বয়স্ক বিধবা ও প্রতিবন্ধিদের অপেক্ষমান পূর্ণাঙ্গ তালিকা ৩ (তিন) দিনের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, এপ্রিল,২০২২ মাসে বিভিন্নি ক্লিনিকে মোট ১৪৫টি নরমাল ডেলিভারী করা হয়েছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর উর্ধ্বতন কর্মকর্তার পরিদর্শন জনিত কারণে অনুপস্থিত আছেন।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দেশীয় প্রজাতির মাছ রক্ষার্থে করাঙ্গী নদীতে গণস্বাক্ষর ও মাননীয় সংসদ সদস্যের সুপারিশসহ একটি আবেদন পাওয়া গিয়েছে। মৎস্য অভয়াশ্রম স্থাপনের প্রাক যোগ্যতা নির্ণয়ের জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠন করার জন্য তিনি প্রস্তাব করেন।	অভয়াশ্রম স্থাপনের প্রাক যোগ্যতা নির্ণয়ের জন্য নিম্নোক্ত টেকনিক্যাল কমিটি গঠন করা হয়। কমিটিকে দ্রুত প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হয়। ১। সহকারী কমিশনার(ভূমি), হবি:সদর........আহবায়ক ২। সি: উপ: মৎস্য অফিসার, হবি: সদর...... সদস্য ৩। উপ: প্রকৌশলী,হবি: সদর .... সদস্য ৪। উপ: সমবায় অফিসার, হবি: সদর ....সদস্য	টেকনিক্যাল কমিটি
১১	যুব উন্নয়ন বিভাগ	প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, ২০২১-২২ অর্থ বছরে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩ লক্ষ টাকা,জানুয়ারী ২০২২ মাস পর্যন্ত ১৯লক্ষ ৭০ হাজার টাকা ঋন বিতরণ করা হয়েছে। চলমান আদায়ের হার ৯৫.০৯%,ক্রমপুঞ্জিত ঋন বিতরণ কোটি ১৫ লক্ষ ৩ হাজার ৫শত টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৪.৮৩%। ৪২০ জন লক্ষ্যমাত্রার বিপরীতে জানুয়ারী ২০২২ পর্যন্ত ২৭০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে,আত্ম কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৬০ জন তন্মধ্যে জানুয়ারী ২০২২	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর

		পর্যন্ত অর্জিত আত্মকর্মীর সংখ্যা ৩৫ জন।		
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, গত মাসে মোট ৩ লক্ষ ৫০ হাজার টাকা ঋন আদায় করা হয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, কৃষকগণ যাতে সস্তায় ধান বিক্রি না করে সেজন্য ৪% সুদে কৃষকদের মধ্যে ঋন বিতরণ করা হচ্ছে। এতে করে কৃষকগণ লাভবান হবেন। তিনি আরও বলেন, মাঠ পর্যায়ে ঋন আদায় করতে গিয়ে মাঠকর্মীগণ অসদাচরণের শিকার হন। এব্যাপারে জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন।	(ক) যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। (খ) মাঠ পর্যায়ে ঋন আদায় কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর (খ) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর বলেন, ১ সপ্তাহ যাবৎ কোভিড-১৯ এর বোস্টার ডোজ দেয়া হচ্ছে। উক্ত টিকা গ্রহণ করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	কোভিড-১৯ এর বোস্টার ডোজ টিকা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর বলেন, ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়নে স্বাবলম্বি হওয়ার জন ৯০জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৩০জনকে গরু বিতরণ করা হয়েছে। কিছু সংখ্যক লোককে বেড়া দেয়া হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, বিগত দিনে যে তালিকা করা হয়েছে তাতে অনেকেরই মোবাইল নাম্বার ভুল রয়েছে,কাইকে খুঁজে পাওয়া যায় না। তাই তালিকা সংশোধন করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ),হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, টিআর ও কাবিখা প্রকল্প দ্রুত দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	টিআর ও কাবিখা প্রকল্প অবিলম্বে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব ভোক্তা সফ্টওয়ারের মাধ্যমে যাচাই করা হবে। সেলক্ষ্যে ইউডিসি'র উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ দেয়া হবে। এব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) চেয়ারম্যান, ২ নং রিচি ও ৫ নং গোপয়া ইউপি, হবিগঞ্জ সদর বলেন,জন্ম নিবন্ধন সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ উপজেলা পর্যায়ে নিস্পত্তি না হওয়ায় অসন্তোষ বিরাজ করছে। তাই উপজেলায় দ্রুত নিস্পত্তি করার প্রস্তাব করেন। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ সংক্রান্ত নতুন আইডি তৈরী নিয়ে সমস্যা রয়েছে। বিষয়টি দ্রুত নিস্পত্তি হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। (খ) চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, তার অফিসে কর্মরত উদ্যোক্তাকে নিয়ে সমস্যায়		

		আছেন। (গ) জনাব মো: আব্দুল মন্নান, চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন,রাজস্ব তহবিলের দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য স্কীম দাখিল করা হয়েছে। উহা অনুমোদনের জন্য প্রস্তাব করেন। (ঘ) জনাব ফেরদৌস আরা বেগম,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এডিপি'র প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য ঠিকাদারকে তাগিদ দেয়ার প্রস্তাব করেন। তিনি বলেন, গত অর্থ বছরে বরাদ্দকৃত টিউবওয়েলের মধ্যে অনেকগুলোর মাথা লাগানো হয়নি এবং ভালভাবে পানি উঠে না। এবিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।		
		(ঙ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, ক্যানসার রোগে আক্রান্ত হয়ে ভারতে চিকিৎসাধীন এ উপজেলার সাবেক উপসহকারী জনাব আব্দুর রাজ্জাক এর সুস্থতায় সকলের দোয়া কামনা করেন। তিনি জন্ম নিবন্ধন সংক্রান্ত পাস ওয়ার্ডের জটিলতা দ্রুত সমাধান করার পরামর্শ প্রদান করেন। তিনি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটিতে জালিয়াতির মাধ্যমে যেন কেহ অন্তর্ভুক্ত না হয় সেদিকে সকর্ত দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের কয়েকটি ইউনিয়ন হতে প্রকল্প পাওয়া যায়নি। প্রকল্প প্রাপ্তির প্রাপ্তির পর টেন্ডার আহবান করা হবে।	প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি তে জাল জালিয়াতির মাধ্যমে কোন ব্যক্তি যাতে অন্তর্ভুক্ত না হতে পারে সেদিকে দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের দ্বারা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প তালিকা পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর
		তিনি বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে যে সকল টিউবওয়েল দেয়া হয়, সেগুলোতে পানি উঠে না বা মাথা না লাগানোর অভিযোগগুলো যাচাই করে সমাধান করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, ইউনিয়ন পর্যায়ে কোন সরকারি কর্মসূচীর তারিখ মাননীয় সংসদ সদস্য তারিখ নির্ধারণ করার পর যথাসময়ে তাকে অবহিত না করা বা তাৎক্ষণিকভাবে অবহিত করা হলে সে সকল কর্মসূচিতে অংশ গ্রহণ করা সম্ভব হয় না। এব্যাপারে সংশ্লিষ্ট সকলকে কর্মসূচি সম্পর্কে যুক্তিসঙ্গত সময়ে অবহিত করার নির্দেশনা প্রদান করেন।	সরেজমিনে যাচাই করে অসম্পন্ন টিউবওয়েলগুলোর কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
		(চ) তিনি ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানগণকে যথাসময়ে মিটিং এর উপস্থিত থাকার জন্য বলেন। এছাড়া দেখা যাচ্ছে পৈল ইউপি চেয়ারম্যান পর পর ৫টি মিটিং এ অনুপস্থিত আছেন। তিনি উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত বিল=২৫,০০০/- টাকা; উপজেলা শিক্ষা অফিস হতে বিআরডিবি পর্যন্ত রাস্তা মেরামত বিল=২৫,০০০/- টাকা; উপজেলা পরিষদ সভাকক্ষের ফ্যান ও লাইট	সকল ইউপি চেয়ারম্যানকে মিটিং এ নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পৈল ইউপি চেয়ারম্যান আগামী মিটিং এ উপস্থিত না থাকলে স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল) হবিগঞ্জ সদর

		ক্রয় বাবদ= ২৫,০০০/- টাকা; উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করণ বাবদ=৮,০০০/- টাকা; উপজেলা পরিষদের জুলাই ২০২১ হতে মার্চ ২০২২ পর্যন্ত ইন্টারনেট বিল=২১,০০০/- টাকা; জেলা প্রশাসনের ম্যাগাজিনে প্রকাশের জন্য ক্রোড়পত্র বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।		

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(চ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্রঃ নং	প্রস্তাবিত প্রকল্প/ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ=৩০,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত বিল=২৫,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদ চত্বরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে বিআরডিবি পর্যন্ত রাস্তা মেরামত বিল=২৫,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদ ভবনের ফ্যান ও লাইট ক্রয় বাবদ= ২৫,০০০/- টাকা (ভ্যাট ও আয়কর সহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদ চত্বর এপ্রিল/২০২২ মাসের পরিস্কার পরিচ্ছন্ন করণ বাবদ=৮,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদের জুলাই ২০২১ হতে মার্চ ২০২২ পর্যন্ত ইন্টারনেট বিল=২১,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৭	জেলা প্রশাসনের ম্যাগাজিনে প্রকাশের জন্য ক্রোড়পত্র বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মজিবুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
তারিখ : ৩০ মে ২০২২

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২- ৬৯৪ (২৫)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

পরিশিষ্ট 'ক'

৩০.০৫.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মে,২০২২ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব নাজরাতুন নাঈম	উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:),হবিগঞ্জ সদর	
০২	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর	
০৩	আলহাজ্ব এম এ মোত্তালিব	চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৪	জনাব আব্দুর রহিম	চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি,হবিগঞ্জ সদর	
০৫	জনাব মো: কায়সার রহমান	চেয়ারম্যান, ১ নং লুকড়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৬	জনাব মো: রায়হান উদ্দিন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর	
০৭	জনাব নাঈম সৌরভ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর	
০৮	জনাব রুপক চন্দ্র বণিক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর	
০৯	জনাব মো: সাইফুল আলম সিদ্দিকী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: এমদাদুল হক	উপ সহকারী প্রকৌশলী,এলজিইডি, হবিগঞ্জ সদর	
১১	ডা: রমাপদ দে	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর	
১২	জনাব প্রানেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা অফিসার, হবিগঞ্জ সদর	
১৩	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৪	জনাব মো: হেলাল উদ্দিন খান	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার,হবিগঞ্জ সদর	
১৫	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৬	ডা: মো: ইকরামুল হক তালুকদার	মেডিকেল অফিসার,উপ: স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর	
১৭	জনাব মো: আক্কাছ আলী	প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১৮	জনাব মো: সজীব মিয়া	উপসহ: প্রকোশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,হবিগঞ্জ সদর	
১৯	জনাব রওশন আরা বেগম	উপজেলা প: প: অফিসার, হবিগঞ্জ সদর	
২০	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
২১	জনাব নুসরাত আল ফাতদি জাহান	তথ্য আপা,তথ্য সেবা কেন্দ্র, হবিগঞ্জ সদর	
২২	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর	
২৩	জনাব মো: আব্দুল মন্নান	চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি,হবিগঞ্জ সদর	
২৪	জনাব মো: মাহবুবুর রহমান হিরো	চেয়ারম্যান, ১০ নং লস্করপুর ইউপি,হবিগঞ্জ সদর	
২৫	জনাব মোহাম্মদ জাহান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর	

পরিশিষ্ট 'খ'

৩০.০৪.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মে,২০২২ মাসের মাসিক সভায় অনুপস্থিতির তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মো: বদরুল করিম দুলাল	চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি,হবিগঞ্জ সদর
০২	জনাব সৈয়দ মঈনুল হক	চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি,হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: তাজ উদ্দিন	চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি,হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: মাহবুবুল হক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
০৪	জনাব হাসনাহেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর